31

দৈনিক বাংলা

তারিখ 07 AUG 1997
পৃষ্ঠা 9 কলাম 5

# ৮ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করা হতে পারে

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয় শিক্ষানীতিতে ৮র্ম শ্রেণী পর্যন্ত ছেলেমেয়ে সকলের জন্য বিনা বেতনে শিক্ষা ব্যবস্থা চালু করার সুপারিশ করা হবে।

জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির চেয়ারম্যান, বিগত তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর মুহম্মদ সামসুল হক মঙ্গলবার ঢাকায় অনুষ্ঠিত এক সেমিনারের সমাপনী অনুষ্ঠানে এ তথ্য পরিবেশন করেন। তিনি এতে সভাপতিত্ব করছিলেন। এটি ছিল সোনালী, অগ্রণী এবং জনতা এই তিন প্রধান রাষ্ট্রায়ত্ত ব্যাংকের উদ্যোগে বাংলাদেশের শিল্পায়নে শিল্পোদ্যোগ উন্নয়ন কৌশল শীর্ষক দিনব্যাপী এক সেমিনার। প্রফেসর মুহম্মদ সামসুল হক বলেন, লাঙ্গলের পেছনের লোকটি সতেজ না হলে যেমন ভাল চাষাবাদ হয় না, তেমনি শিল্পের পেছনের তারাও যদি ভাল না হয় তাহলে শিল্পোদ্যোগ সফল আনতে পারে না। সে জন্য চাই প্রকৃত শিক্ষা। আর এ শিক্ষায় সমগ্র জাতিকে শিক্ষিত করে তোলার লক্ষ্যে জাতীয় শিক্ষানীতিতে ৬ষ্ঠ শ্রেণী থেকে বৃত্তিমূলক শিক্ষাসহ ৮ম শ্রেণী পর্যন্ত নারী-পুরুষ সকলের জন্য অবৈতনিক শিক্ষা ব্যবস্থার সুপারিশ করা হবে। এ প্রসঙ্গে তিনি বলেন যে, বর্তমানে দেশে শিক্ষিতের হার শতকরা ৪০ বা তারো বেশী বলা হয়। কিন্তু একটি চিঠি পড়তে বা লিখতে পারলেই কাউকে প্রকৃত শিক্ষিত বলা যায় না।

সেমিনারের মূল প্রতিপাদ্য বিষয় সম্পর্কে আলোচনাকালে সাবেক ভাইস চ্যান্সেলর বলেন, যে কোন শিক্ষা বাঁচাতে হলে উদ্যোক্তার দূরদৃষ্টি থাকা বাঞ্ছনীয়। এজন্য তার প্রশিক্ষণ এবং তারও আগে উপযুক্ত শিক্ষা থাকা দরকার বৃত্তিমূলক শিক্ষা প্রসঙ্গে তিনি বলেন যে, ছোটকাল থেকেই শিশুদের যার যেদিকে মেধা আছে সেই দিকে পরিচালনা করতে এ শিক্ষা কার্যকর ভূমিকা রাখতে সহায়ক হবে বলে কমিটি মনে করছে।

মঙ্গলবার তিন ব্যাংকের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত সেমিনার থেকে অবশ্য কোন সুপারিশমালা গ্রহণ করা সম্ভব হয়নি। তবে প্রফেসর সামসুল হকের নেতৃত্বে তিন রাষ্ট্রায়ত্ত ব্যাংকের তিনজন ব্যবস্থাপনা পরিচালকসহ মোট ১০ জনের একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি একটি সুপাশিমালা তৈরি করে অর্থমন্ত্রীর মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে পেশ করবে বলে জানানো হয়।